

শ্রীশ্রীহরি সঙ্গীত

- ২। লেগে সেই চাঁদের কিরণ, গোঁসাই গোলোক হীরামন,
মহানন্দ, *তারক, মৃত্যুঞ্জয়
তঁারা সুধা পিয়ে মত্ত হ'য়ে নাম দিয়ে জগত মাতায়।।
- ৩। তিনটি যুগ গত হ'ল পুরাতে চাঁদ বাকী ছিল,
তাইতে চাঁদ এল পুনরায়
এবার পুরাতে ভক্তের বাসনা, তাইতে অবতীর্ণ হয়।।
- ৪। এল চাঁদ ওড়াকান্দি যার জন্যে নিরবধি
ভক্তগণ কেঁদে বুক ভাসায়
এবার কলির মানুষ করতে মানুষ হ'ল যশোমস্তের তনয়।।
- ৫। *তারকচাঁদ ডেকে বলে অশ্বিনী মায়ী জালে
ভুলে কেন রলি দুরাশায়।
ও তোর মানব জনম ধন্য হবে, চাঁদের কিরণ লাগলে গায়।।

২৬ নং তাল-একতলা

- তুরায় চল ভবপারে যাই, হরি নাম তরণী এল ভাই।
হরিনাম তরণী নৌকাখানি, কাণ্ডারী দয়াল নিতাই।।
- ১। হরিনামের তরণী বোবাই প্রেম পরশ মণি,
ভক্তি রতন ধরে ধরে রূপের ছে খানি।
তাতে শ্রদ্ধা করে চড়লে পরে পারে যেতে বাধা নাই।।
- ২। আমার হরি দয়াময়, ঠেকে জীবের পারের দায়,
কলির শেষে বঙ্গদেশে হ'য়েছে উদয়।
মুখে বল্লে হরি নাইকো দেবী, পার করে আপত্তি নাই।।
- ৩। বড় দয়াল অবতার, হয় নাই হবে নারে আর,

* শ্রীতারকচন্দ্র-পূর্ণব্রহ্ম হরিচাঁদের লীলা সহচর ও
শ্রীশ্রীহরিলীলামৃত গ্রন্থ ও শ্রীশ্রীমহাসংকীর্্তনের রচয়িতা।